রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৮৫—৭৯১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬৯৯—১৭৪৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪৭—২৪৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৫৩—১৮৬৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৪ বঃ/২৪ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ০৫.০০.০০০০.১৮২.২৭.০১২.১৭-৯৭১—যেহেতু জনাব এ.টি.এম ফরহাদ চৌধুরী (পরিচিতি নং-১৭১৯৭), প্রাক্তন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ, বর্তমানে সহকারী কমিশনার (ভূমি), ভূঞাপুর, টাঙ্গাইল এর বিরুদ্ধে গত ২৫ জুন ২০১৬ তারিখ বেলা ১২.২৫ মিঃ কিশোরগঞ্জ রেলওয়ে স্টেশনে ভ্রাম্যমান আদালত পরিচালনাকালে লে. মেহেদী হাসান রাকিব এর সাথে শিষ্টাচার বহির্ভূত আচরণ এবং তাকে লাঞ্ছিত করা জন্য পুলিশ সদস্যকে প্ররোচিত করা ইত্যাদি অভিযোগে মন্ত্রিপরিষদ বিভাগের মতামতের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী "আচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৫-০৬-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮২.২৭.০১২.১৭-৫৯২ নং স্মারকে কারণ দর্শাতে বলা হয়।

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির আবেদন করলে ৩১-০৮-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। অভিযুক্ত কর্মকর্তা জনাব এ.টি.এম ফরহাদ চৌধুরী ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্যে অবহিত করেন যে, অভিযোগকারী বিনা টিকেটে ট্রেনে ভ্রমণ করেছেন বিধায় যথাযথ নিয়ম প্রতিপালন করে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে তাকে জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালত পরিচালনাকালে তার বিরুদ্ধে অভিযোগকারীর সাথে শিষ্টাচার বহির্ভূত আচরণ করা এবং পুলিশ সদস্যকে প্ররোচিত করে অভিযোগকারীকে শারীরিকভাবে লাঞ্ছিত করার যে অভিযোগ আনা হয়েছে তা সঠিক নয়। তিনি নিজেকে নির্দোষ দাবী করেন।

যেহেতু, নথি পর্যালোচনা করে দেখা যায়, অভিযোগের প্রাথমিক তদন্তকারী কর্মকর্তা অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ এর তদন্ত প্রতিবেদনে জনাব এ.টি.এম ফরহাদ চৌধুরী এর বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত শিষ্টাচার বহির্ভূত আচরণের অভিযোগ লে. মেহেদী হাসান রাকিব এর উপস্থাপিত সাক্ষ্য প্রমাণাদি দ্বারা সন্দোহতীতভাবে প্রমাণিত হয় নি মর্মে উল্লেখ করা হয়েছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে উভয় পক্ষের বক্তব্য, উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণ এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে জনাব এ.টি.এম ফরহাদ চৌধুরী কর্তৃক ঘটনার সময় নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে লে. মেহেদী হাসান রাকিবসহ অন্যান্য বিনা টিকেটে ট্রেন ভ্রমণকারী যাত্রীদের বিরুদ্ধে আইন মোতাবেক মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করা ব্যতীত কোন শিষ্টাচার বহির্ভুত আচরণ করার অভিযোগ প্রমাণিত হয় না।

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ টি এম ফরহাদ চৌধুরী (পরিচিতি নং-১৭১৯৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ (Misconduct)" এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(২)(এ) বিধি অনুযায়ী অব্যাহতি প্রদান করা হলো

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মো: মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ কার্তিক ১৪২৪ বঙ্গ/২৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**চট্টগ্রাম জেলার ফটিকছড়ি পৌরসভার সাধারণ নির্বাচন এবং হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা।**

নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-২১৪—The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ৩০ অক্টোবর, ২০১৭ তারিখ সোমবার এবং হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে ০৪ নভেম্বর, ২০১৭ তারিখ শনিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারী অফিস/ প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে, সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হলো ঃ

২। উল্লেখ্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীর সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলমগীর হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**বস্ত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ কার্তিক ১৪২৪ বঙ্গ/১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ২৪.০০.০০০০.১১৬.২২.০২২.১৭-২৭৯—বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন, ২০১৩(২০১৩ সনের ১৩নং আইন)-এর ৬(১)(ঞ) এবং(ট) ধারা অনুযায়ী সরকারি নিম্নবর্নিত ব্যক্তিবর্গকে ১৭-১০-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৩(তিন) বৎসরের জন্য বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদের খন্ডকালীন সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করলেন ঃ

| ক্রমিক নং | নাম ও ঠিকানা |
|---|---|
| (১) | প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম, প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। |
| (২) | প্রফেসর ড. সাবরিনা নাজ, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। |
| (৩) | জনাব মোঃ মোসলেম উদ্দীন, রেশম পোকা পালনকারী, পিতাঃ মৃত ফকির আলী, গ্রামঃ শৈলাবাড়ি, ডাকঘরঃ খোকশা বাড়ি, জেলাঃ সিরাজগঞ্জ। |
| (৪) | মোছাঃ রওশনারা বেগম, রেশম সুতা উৎপাদনকারী, স্বামী ঃ জনাব মোঃ তৈমুর হোসেন, গ্রাম ঃ চরধরমপুর, ডাকঘর ঃ ভোলাহাট, উপজেলা ঃ ভোলাহাট, জেলা ঃ চাপাইনবাবগঞ্জ। |
| (৫) | জনাব মোঃ সাজ্জাদ আলী, রেশম পণ্যের ব্যবসায়ী, পিতা ঃ জনাব মোঃ সদর আলী, পরিচালক, সপুরা সিল্ক মিলস্ লিমিটেড, সপুরা, রাজশাহী। |

২। (ক) মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ ১৭-১০-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৩ (তিন) বছর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে সরকার যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সদস্যের মনোনয়ন বাতিল করতে পারবেন।

(খ) মনোনীত কোন সদস্য পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের নিকট লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করতে পারবেন। তবে চেয়ারম্যান কর্তৃক তা গৃহীত না হওয়া পর্যন্ত পদত্যাগ কার্যকর হবে না।

তারিখ : ০৮ কার্তিক ১৪২৪ বঙ্গ/২৩ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ২৪.০০.০০০০.১১৬.১৮.০৮৭.১৫-২৮৮—বাংলাদেশের সোনালী ঐতিহ্য বিশ্বখ্যাত "মসলিন" তৈরির প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ০৭-০১-২০১৬ খ্রিঃ তারিখে ২৪.০০.০০০০. ১১৬.১৮.০৮৭.১৫-০৭ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত এবং ০৫-০৩-২০১৭ খ্রিঃ তারিখের ২৪.০০.০০০০. ১১৬.১৮.০৮৭.১৫-৬৮ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে পুনর্গঠিত বিশেষজ্ঞ কমিটির মেয়াদ ভূতাপেক্ষভাবে ০৭-০৬-২০১৭ হতে ০৬-০৯-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) মাস বর্ধিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হায়দার আলী মোল্লা**
সহকারী সচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

### তদন্ত ও শৃঙ্খলা শাখা

### আদেশাবলী

তারিখ : ২৪ আশ্বিন ১৪২৪ বঃ/০৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৫.১৭-২৬৭**—যেহেতু, মর্জিনা পারভীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩ (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত দণ্ড প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্রসহ অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় ০২-০৩-২০১৭ তারিখের ৩৮.০১.০০০০.২৭.৩০০.২১১.১৬.৯৯ নম্বর প্রজ্ঞাপনে তার উপর আরোপিত ০১ (টি) বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, মর্জিনা পারভীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-কে ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২.১৬-২৬৮**—যেহেতু জনাব জালাল আহমেদ, উপজেলা শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩ (ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলা তদন্তের জন্য জনাব নেছার আহমেদ, যুগ্মসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং তিনি ২য় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, তার বিরুদ্ধে ০৯ ডিসেম্বর, ২০১৫ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-২৬/২০১৫/২৬১ নম্বর মামলাসহ দুটি মামলা বিচারার্থে একত্রে গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের স্বপক্ষে যতাযথ প্রমাণাদি পাওয়া যায়নি এবং তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব জালাল আহমেদ, উপজেলা শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৪ বঃ/১২ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৪৪.১৫-৩৭৩**—যেহেতু জনাব মোঃ এনামুল কবির, উপ-পরিচালক (পরিচিতি নম্বর ০৩৬), সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা এর বিরুদ্ধে 'Civilian Employees in Defence Service (Classification, Control and Appeal) Rules, 1961' এর 7(2) অনুসারে 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.১৮০.২৭.১৪৪.১৫-৩০৫ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল করলেও ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহ ব্যক্ত না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন অনুসারে জনাব মোঃ এনামুল কবিরের বিরুদ্ধে আনীত ঊর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে অশোভন আচরণ করার অভিযোগটি প্রত্যক্ষ বা দালিলিক তথ্যের ভিত্তিতে প্রমাণিত না হলেও একজন সরকারি দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে কর্তৃপক্ষের আদেশ পালনে শৈথল্য প্রদর্শনের বিষয়টি প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ এনামুল কবির, উপ-পরিচালক (পরিচিতি নম্বর ০৩৬), সেনাসদর এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্তের জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় 'Civilian Employees in Defence Service (Classification, Control and Appeal) Rules, 1961' এর 8(1) অনুযায়ী তাঁকে লঘুদণ্ডের আওতায় 8(1)(a) অনুসারে তিরস্কার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আখতার হোসেন ভূইয়া**
সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা/বিসিক শাখা**

**আদেশাবলী**

তারিখ : ০৪ কার্তিক ১৪২৪ বঃ/১৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০২৮.১০(অংশ-৪)-৩২১**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৫(পাঁচ) ক্যাটাগরির ৩৪ (চৌত্রিশটি) টি পদ ০১-০৬-২০১৭ তারিখ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | উপ-সহকারী প্রকৌশলী | ০১ (একটি) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ২। | সহকারী পরিদর্শক | ০৫ (পাঁচ) টি | ৪২৫০-৮১৪০/- (১৯নং স্কেল) |
| ৩। | ফিল্ডম্যান | ০৪ (চার) টি | ৪২৫০-৮১৪০/- (১৯নং স্কেল) |
| ৪। | গার্ড | ২১ (একুশ) টি | ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল) |
| ৫। | পিয়ন | ০৩ (তিন) টি | ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল) |
| | মোট ৫(পাঁচ) ক্যাটাগরির = | ৩৪ (চৌত্রিশ) টি | |

**শর্তসমূহ :**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃকপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত ০৫ (পাঁচ) ক্যাটাগরির ৩৪ (চৌত্রিশ) টি পদ অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য সুপারিশকৃত চতুর্থ শ্রেণীর পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে; এবং

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা আবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০৩০.১০-৩২২**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "নৈপুন্য বিকাশ কেন্দ্র, গোপালগঞ্জ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ১৩ (তের) ক্যাটাগরির ১৬ (ষোল) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৬ তারিখ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :-

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল |
|---|---|---|---|
| ১। | বিশেষজ্ঞ (উপ ব্যবস্থাপক পদ মর্যাদার) | ০১ (এক) টি | ১৮৫০০-২৯৭০০/- (৬নং স্কেল) |
| ২। | ইন্সটাক্টর (মোবাইল টেকনোলজি) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৩। | ইন্সটাক্টর (ইলেকট্রিক্যাল) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৪। | ইন্সটাক্টর (কম্পিউটার) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৫। | ইন্সটাক্টর (ফুড প্রসেসিং) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৬। | ইন্সটাক্টর (রেফ্রিজারেটর এন্ড এয়ারকন্ডিশনার) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৭। | ইন্সটাক্টর (মেশিনসপ প্রাকটিসেস) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৮। | ইন্সটাক্টর (বুটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| ৯। | পরিদর্শক | ০২ (দুই) টি | ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল) |
| ১০। | হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ | ০১ (এক) টি | ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল) |
| ১১। | ডাটা এন্টি অপারেটর | ০১ (এক) টি | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)<br>৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল)<br>চাকুরীকালীন বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার পর প্রদেয় |
| ১২। | পিয়ন | ০২ (দুই) টি | আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী |
| ১৩। | গার্ড | ০২ (দুই) টি | আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী |
| | মোট = | ১৬ (ষোল) টি | |

**শর্তসমূহ :**

(ক) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ হতে জারিকৃত ০৭-০৮-২০০৮ তারিখের অম/অবি/ব্যঃ নিঃ-৫/বিধি-১/২০০৭/৫৯৭ নং স্মারকে বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে; এবং

(খ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা আবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০২.১৪(অংশ-৩)-৩২৩**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট(স্কিটি)" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ০৯ (নয়) ক্যাটাগরির ১৮ (আঠার) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৭ তারিখ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :-

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল, (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সহকারী হিসাবনিয়ন্ত্রক | ০১ (এক) টি | ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) |
| ২। | প্রোগ্রাম অফিসার | ০১ (এক) টি | ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) |
| ৩। | ডরমিটরী সুপারিনটেনডেন্ট | ০১ (এক) টি | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) |
| ৪। | কম্পিউটার অপারেটর | ০৩ (তিন) টি | ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) |
| ৫। | ডাটা এন্টি অপারেটর | ০৬ (ছয়) টি | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) |
| ৬। | লাইব্রেরী সহকারী | ০১ (এক) টি | ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) |
| ৭। | রিসিপসনিষ্ট-কাম টেলিফোন অপটারেটর | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) |
| ৮। | মেশিন অপটারেটর | ০১ (এক) টি | ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) |
| ৯। | ড্রাইভার | ০৩ (তিন) টি | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) |
| | মোট = | ১৮ (আঠার) টি | |

**শর্তসমূহ :**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) চতুর্থ শ্রেণীর পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে; এবং

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা আবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ মাহবুবুর রহমান**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশাবলী**

তারিখ : ২৪ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৮.২০১৭-৪৫০**—যেহেতু ডাঃ সৈয়দ মুহাম্মদ জামাল উদ্দিন (৪১৭৪৮), মেডিকেল অফিসার, চরামদ্দি উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাকেরগঞ্জ, বরিশাল গত ২০-০১-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৪-২০১৭ খ্রিঃ পর্যন্ত ছুটি না মঞ্জুর হওয়া সত্ত্বেও বিনানুমতিতে বিদেশে অবস্থান করে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ১২-০৭-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০. ০২৭. ০১.০০.০৪৮. ২০১৭.৩০০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮-১০-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ৩১-১২-২০১৬ খ্রিঃ থেকে ১৯-০১-২০১৭ খ্রিঃ পর্যন্ত বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর সাপেক্ষে অস্ট্রেলিয়া গমন করেন। অস্ট্রেলিয়া অবস্থানরত অবস্থায় দুর্ঘটনায় তাঁর হাতের, বাহু ও ঘাড়ে আঘাতপ্রাপ্ত হয়ে অসুস্থ হয়ে পড়েন। তিনি চিকিৎসা শেষে গত ১৬-০৪-২০১৭ খ্রিঃ দেশে ফিরে ১৮-০৪-২০১৭ খ্রিঃ কাজে যোগদান করেন। চিকিৎসাধীন থাকা অবস্থায় তাঁর ছুটির মেয়াদ শেষ হবার পূর্বেই তিনি অস্ট্রেলিয়া হতে তাঁর বিলম্ব হওয়ার কারণ সম্বলিত দরখাস্ত প্রথমে ই-মেইলযোগে ১৮-০১-২০১৭ খ্রিঃ স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর এবং সিভিল সার্জন, বরিশাল বরাবর প্রেরণ করেন। এর প্রমাণক তিনি সংযুক্ত করেছেন। এছাড়া তাঁর স্বহস্তে লেখা মূল দরখাস্ত অস্ট্রেলিয়া হতে রেজিস্ট্রার্ড ডাকযোগে স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রেরণ করেন। তিনি অস্ট্রেলিয়া পোস্টের অফিসিয়াল রসিদ সংযুক্ত করেছেন। এছাড়া তিনি চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র ও পরীক্ষা-নিরীক্ষার কাগজপত্র সংযুক্ত করেছেন। তিনি স্বীকার করেছেন যে, কাজে যোগদানে বিলম্ব করা তাঁর অনিচ্ছাকৃত অপরাধ হয়েছে এবং উক্ত অপরাধের জন্য তিনি আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষ্যতে যেন এ ধরণের ভুল না হয় সে জন্য তিনি সদা সতর্ক থাকবেন।

এমতাবস্থায়, ডাঃ সৈয়দ মুহাম্মদ জামাল উদ্দিন (৪১৭৪৮), মেডিকেল অফিসার, চরামদ্দি উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাকেরগঞ্জ বরিশালের বিরুদ্ধে আনিত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতে সরকারি চাকরির নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হলো। তাঁর ২০-০১-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৪-২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামালা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৭-৪৫১**—যেহেতু ডাঃ মোঃ আরমান হোসেন (১৩০৬৭৬), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত উপজেলা উপ-স্বাস্থ্য কমপ্লেক্স, ঘাটাইল, টাঙ্গাইল গত ১৪-০৪-২০১৫ খ্রিঃ থেকে ২৪-০১-২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০৫-০৭-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৭.২৯১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮-১০-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ১২-০৪-২০১৫ খ্রিঃ থেকে ১৩-০৪-২০১৫ খ্রিঃ পর্যন্ত নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিয়ে কর্মস্থল ত্যাগ করেন। এ সময়ে দুর্ঘটনায় আঘাতপ্রাপ্ত হয়ে তাঁর ডান হাঁটুর লিগামেন্ট ছিড়ে যায় এবং কোমড়ের হাড়ে আঘাতপ্রাপ্ত হন। পরবর্তীতে চিকিৎসকের পরামর্শ মোতাবেক দেশে এবং দেশের বাইরে ট্রিটমেন্ট গ্রহণ করেন। এ কারণে তিনি ১৪-০৪-২০১৫ খ্রিঃ হতে ২৪-০১-২০১৭ খ্রিঃ কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। গত ২৫-০১-২০১৭ খ্রিঃ কর্মস্থলে যোগদান করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কাজ করে যাচ্ছেন। তিনি চিকিৎসা সংক্রান্ত সকল কাগজপত্র দাখিল করেছেন। অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক সময়ে সময়ে স্থানীয় প্রশাসনকে তাঁর অবস্থান অবহিত করা উচিত ছিল। তিনি ক্ষমা চেয়েছেন।

এমতাবস্থায়, ডাঃ মোঃ আরমান হোসেন (১৩০৬৭৬), সহকারী সার্জন, ওএসডি,স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঘাটাইল টাঙ্গাইলের বিরুদ্ধে আনিত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতে সরকারি চাকরির নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হলো। তাঁর ১৪-০৪-২০১৫ খ্রিঃ হতে ২৪-০১-২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামালা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৯.২০১৭-৪৫২**—যেহেতু ডাঃ নুঝাত সুবাহ (১২৯২৯৯), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মাহখালী, ঢাকা সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলপুর, ময়মনসিংহের গত ০১-০১-২০১৫ খ্রিঃ থেকে কর্মস্থলে অননুমোদিতভবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ১২-০৭-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৯.২০১৭.৩০১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮-১০-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি স্বামী ও তাঁর পরিবারের অসহযোগিতার কারণে চাকরি চালিয়ে যেতে ব্যর্থ হয়েছেন। শিক্ষানবীশ কর্মকর্তা হিসেবে সরকারি চাকরির বিধি বিধান এবং নিয়ম শৃঙ্খলার বিষয়গুলোতে তাঁর অজ্ঞতা ছিল। তিনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গত ২২-০৫-২০১৭ খ্রিঃ যোগদান করে বর্তমানে পূর্বের কর্মস্থলে নিয়মিত কাজ করে যাচ্ছেন। মানসিক ও সামাজিকভাবে বিপর্যস্ত থাকার কারণে তাঁর চাকরিতে এ ধরণের ভুল হয়েছে যার জন্য তিনি আন্তরিকভাবে ক্ষমা চেয়েছেন।

এমতাবস্থায়, ডাঃ নুঝাত সুবাহ (১২৯২৯৯), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলপুর, ময়মনসিংহের বিরুদ্ধে আনিত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতে সরকারি চাকরির নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান কার হলো। তাঁর ০১-০১-২০১৫ খ্রিঃ হতে ২১-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।